# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 26-04-2025 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) কাশ্মীরের উধমপুরে জঙ্গিদের সঙ্গে গুলির লড়াই-এ শহীদ সেনা জওয়ান ঝন্টু আলি শেখ-এর মরদেহ রাজ্যে নিয়ে আসা হয়েছে । নদীয়ার তেহট্টের বাড়িতে আজ তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে।

২) পহেলগাঁও-এ জঙ্গি হামালার প্রেক্ষিতে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ রাজ্যে থাকা পাকিস্তানী নাগরিকদের চিহ্নিত করতে বলেছেন মুখ্যমন্ত্রীদের ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহনও মুখ্য সচিবদের সঙ্গে বৈঠকে জানিয়েছেন, সাধারণ ভিসা যাদের রয়েছে, সেইসব পাকিস্তানীদের আগামীকালের মধ্যে ভারত ছেড়ে চলে যেতে হবে।

৩) সংশোধিত ওয়াকফ আইনের বিরোধিতায় ক্ষতিগ্রস্ত মুর্শিদাবাদের সামশেরগঞ্জে আজ যাচ্ছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিভিন্ন সরকারি দপ্তর ও সংস্থায় নবনিযুক্ত একান্ন হাজারের বেশি যুবক যুবতীকে রোজগার মেলার মাধ্যমে নিয়োগপত্র বিতরণ করবেন।

৫) প্রধানমন্ত্রী আগামীকাল, আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন।

৬) ইডেনে আজ আইপিএল ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স , পাঞ্জাব কিংসের মুখোমুখি হবে।

৭) ভুবনেশ্বর এর কলিঙ্গ স্টেডিয়ামে আজ  সুপার কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে মোহনবাগান সুপারজায়ান্ট ,কেরালা ব্লাস্টারস এর বিরুদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কাশ্মীরের উধমপুরে জঙ্গিদের সঙ্গে গুলির লড়াই-এ শহীদ সেনা জওয়ান নদীয়ার তেহট্টর পাথরঘাটার বাসিন্দা ঝন্টু আলি শেখ-এর মরদেহ গতরাতে দমদম বিমান বন্দরে নিয়ে আসা হয়। রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম সেখানে তাঁর প্রতি শ্রদ্ধা জানান। এরপর তার মরদেহ নিয়ে যাওয়া হয় ব্যারাকপুরের সামরিক বেস হাসপাতালে। আজ সেখান থেকে নিয়ে যাওয়া হবে তাঁর পাথরঘাটা বাড়িতে।

সেখানে পশ্চিমপাড়ার ঈদগায় জনগণের শেষ শ্রদ্ধা নিবেদনের জন্য মরদেহ শায়িত রাখা হবে। পরে পাথরঘাটার কারবালা ময়দানে ঝন্টু আলির দেহ সমাহিত করা হবে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

এদিকে, কলকাতা নিয়ে আসার আগে গতকাল জম্মু সেনা হাসপাতালে শেষ শ্রদ্ধা জানানো হয় ঝন্টু শেখ-কে। গানস্যালুটের মধ্য দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন সেনা বাহিনীর কর্মী ও আধিকারিকরা।

উল্লেখ্য ৬ নম্বর প্যারাস্যুট রেজিমেন্টের বিশেষ বাহিনীর সদস্য ঝন্টু ২০০৮-এ সামরিক বাহিনীতে যোগ দেন। জঙ্গিদের সঙ্গে লড়াইয়ের সময় তিনি গুলিবিদ্ধ হন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পহেলগাঁও জঙ্গি হামলার প্রেক্ষিতে পাকিস্তানী নাগরিকদের জারি করা ভিসা প্রত্যাহারের সিদ্ধান্ত নেওয়ার একদিন পর স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ গতকাল সব রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে কথা বলেছেন। রাজ্যে থাকা পাকিস্তানী নাগরিকদের চিহ্নিত করতে বলা হয়েছে। সূত্রের খবর ওই সব পাক নাগরিকদের দ্রুত সেদেশে ফিরে যাওয়ার বিষয়টি সুনিশ্চিত করতে সব মুখ্যমন্ত্রীদের পদক্ষেপ গ্রহণ করতে বলেছে শ্রী শাহ্ ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পহেলগাঁওর ঘটনার পরে এদেশে আসা  পাকিস্তানীদের নিজেদের দেশে ফেরাতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহনও গতকাল সব রাজ্যের  মুখ্য সচিবদের সঙ্গে  বৈঠক করেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে ওই বৈঠকে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গের মুখ্য সচিব মনোজ পন্থও।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব বৈঠকে জানিয়েছেন সাধারণ ভিসা যাদের রয়েছে সেই সব পাকিস্তানিদের ২৭ এপ্রিল অর্থাৎ আগামীকালের মধ্যে ভারত ছেড়ে চলে যেতে হবে। এছাড়া  যারা মেডিকেল ভিসা অর্থাৎ চিকিৎসা করার জন্য এদেশে এসেছেন তাদের ২৯ শে এপ্রিলের মধ্যে এদেশ ছেড়ে চলে যেতে বলা হয়েছে।

ডিপ্লোম্যাটিক ভিসা নিয়ে যারা এসেছেন তাদের আপাতত ভারতে থাকার  অনুমতি দেওয়া হবে। শুধুমাত্র হিন্দু-পাকিস্তানী নাগরিকদের লং টার্ম ভিসায় ভারতে থাকতে দেওয়ার কথা বলা হয়েছে। বাকিদের সবার ক্ষেত্রে এই লং টার্ম বা দীর্ঘ মেয়াদী ভিসা বাতিল করা হয়েছে।

এক্ষেত্রে রাজ্যগুলির কি করণীয় সেব্যাপারে লিখিত নির্দেশিকা পাঠানো হচ্ছে। ইতিমধ্যেই নবান্ন-র  পক্ষ থেকে এব্যাপারে  জেলা প্রশাসনগুলিকে  জানিয়ে দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কাশ্মীরের পহেল গাঁওয়ের ঘটনা নিয়েও এখানে রাজনীতি করা হচ্ছে বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম অভিযোগ করেছেন। পুর ভবনে গতকাল সংবাদিক বৈঠকে তিনি বলেন, জঙ্গি মোকাবিলায় ভারতের যে সেনারা শহীদ হয়েছেন তাদের পরিচয় হিন্দু বা মুসলিম  নয়, তাদের পরিচয় ভারতীয় সেনা হিসেবেই।

যে সমস্ত পর্যটক গুলিবিদ্ধ হয়েছেন, তাদের সময় মতো চিকিৎসার ব্যবস্থা করলে অনেকেই হয়তো বেঁচে যেতেন বলেও ফিরহাদ মন্তব্য করেন ।

( বাইট – ফিরহাদ )

এদিকে, সি পি আই এম বলেছেন, সাম্প্রদায়িকতা কখনোই সন্ত্রাসবাদের জবাব হতে পারে না। কাশ্মীরে সন্ত্রাসবাদী হামলা এবং সাম্প্রদায়িকতা ও বিভাজনের রাজনীতির বিরুদ্ধে গতকাল রাজ্য বামফ্রন্ট ধর্মতলা থেকে শিয়ালদা পর্যন্ত মিছিল করে। সিপিআইএম রাজ্য সম্পাদক, পলিটব্যুরো সদস্য মহম্মদ সেলিম বলেছেন, যেকোন ধর্মকে ব্যবহার করে সন্ত্রাসবাদী কার্যকলাপের পেছনে রয়েছে সাম্রাজ্যবাদী শক্তির মদত।

(বাইট – সেলিম)

পহেলগাঁও জঙ্গি হামলার প্রতিবাদে ও ন্যায় বিচারের দাবিতে প্রদেশ কংগ্রেস গত সন্ধ্যায় কলকাতায় মোমবাতি মিছিল করে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে কলেজ স্কোয়ার থেকে উত্তর কলকাতায় স্বামী বিবেকানন্দের বাড়ি পর্যন্ত এই মিছিলে সামিল হন, দলের নেতা-কর্মী সমর্থকেরা।

oooooooooooooooooooooo

সংশোধিত ওয়াকফ আইনের বিরোধিতায় আন্দোলনের জেরে হিংসায় ক্ষতিগ্রস্ত মুর্শিদাবাদের সামশেরগঞ্জ আজ পরিদর্শনে যাচ্ছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এরই মধ্যে সরিয়ে দেওয়া হয়েছে মুর্শিদাবাদ ও জঙ্গিপুর দুই পুলিশ জেলার পুলিশ সুপারকে।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন -

(ভয়েসকাস্ট - মামুন)

oooooooooooooooooooooooo

আগেই জানানো হয়েছে, মুর্শিদাবাদ ও জঙ্গিপুর পুলিশ জেলার সুপারদের গতকাল বদলি করা হয়েছে। মুর্শিদাবাদের পুলিশ সুপার পদে ছিলেন সূর্যপ্রতাপ যাদব।

তাঁকে কোচবিহারের নারায়ণী ব্যাটেলিয়নের দায়িত্বে পাঠানো হয়েছে। নতুন পুলিশ সুপার হচ্ছেন কুমার সন্নি রাজ। তিনি রাণাঘাটের পুলিশ সুপার পদে ছিলেন।

অন্যদিকে জঙ্গিপুর পুলিশ সুপার আনন্দ রায়কে সালুয়া ইএফআরের থার্ড ব্যাটেলিয়নের কমান্ডিং অফিসার হিসাবে নিযুক্ত করা হয়েছে। নতুন পুলিশ সুপার করা হয়েছে অমিত কুমার সাউকে। তিনি কলকাতা পুলিশের ডিসি (টিপি) পদে ছিলেন।

উল্লেখ্য সম্প্রতি ওয়াকফ সংশোধনী আইনকে কেন্দ্র করে গোষ্ঠী সংঘর্ষে উত্তপ্ত হয়ে ওঠে মুর্শিদাবাদ ও জঙ্গিপুরের কিছু এলাকা। ওই ঘটনায় তিনজন নিহত ও চারজন গুরুতর আহত হন। প্রায় ৩৪৫ জন গ্রামছাড়া হয়ে আশ্রয় নেন মালদায় অস্থায়ী ত্রাণ শিবিরে। ঘটনায় পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠেছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সরকারি দপ্তর ও সংস্থায় নবনিযুক্ত একান্ন হাজারের বেশি যুবক যুবতীকে রোজগার মেলার মাধ্যমে নিয়োগপত্র বিতরণ করবেন। ১৫তম এই রোজগার মেলা হবে সারাদেশের ৪৭টি স্থানে ।

এরমধ্যে কলকাতায় ন্যাশনাল লাইব্রেরীতে আয়কর দপ্তরের উদ্যোগে নবনিযুক্তদের নিয়োগপত্র দেওয়া হবে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সেখানে উপস্থিত থাকবেন।

সেখানে স্টাফ সিলেকশন পরীক্ষার মাধ্যমে কলকাতায় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরের নিযুক্ত ১৭ জনের হাতে নিয়োগপত্র তুলে দেওয়া হবে বলে জানা গেছে।

সারাদেশে নবনির্বাচিত নতুন কর্মীরা রাজস্ব বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রক,ডাক বিভাগ,রেল মন্ত্রক সহ বিভিন্ন মন্ত্রক ও কেন্দ্রীয় সরকারের বিভাগে যোগ দেবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পোপ ফ্রান্সিস এর প্রয়াণে কেন্দ্র আজ তাঁর শেষ কৃত্যের দিনও রাষ্ট্রীয় শোক পালন করছে। এই দিন দেশের সর্বত্র আজ জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে । সব রকমের সরকারী বিনোদন মূলক অনুষ্ঠান ও বাতিল করা হয়েছে।

আগেই জানানো হয়েছে, দীর্ঘ রোগভোগের পর পোপ ফ্রান্সিস গত সোমবার শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিলো ৮৮ বছর। ২০১৩ সালে ষোড়শ বেনেডিক্টের অবসর গ্রহণের পর পোপ ফ্রান্সিস দায়িত্বভার গ্রহণ করেন।

পোপ ফ্রান্সিসের প্রয়াণের সঙ্গে সঙ্গেই ভ্যাটিকানে , এক পোপের মেয়াদ শেষে নতুন পোপের শাসনকাল শুরুর ,শতাব্দি প্রাচীন রীতির সূচনার যাবতীয় প্রস্তুতি চলেছে।

শেষকৃত্য সম্পন্ন হওয়ার দুই থেকে তিন সপ্তাহের মধ্যে সিস্টিন চ্যাপেলে কনক্লেভের মধ্যে দিয়ে কার্ডিনালদের কলেজ নতুন পোপ নির্বাচনের প্রক্রিয়া শুরু করবে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল , আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের - এর ১২১ তম পর্ব। আকাশবাণী ও দূরদর্শনের সবকটি প্রচারতরঙ্গ এবং
www.newsonair.com ওয়েবসাইটও মোবাইল অ্যাপেও বেলা ১১ টা থেকে মন-কি-বাত শোনা যাবে। AIR, DD নিউজ, প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলে তা শোনা যাবে।

হিন্দী ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় মন-কি-বাত সম্প্রচারিত হবে। রাত ৮ টায় আঞ্চলিক ভাষায় তর্জমা পুনঃসম্প্রচারিত হবে।

oooooooooooooooooooooo

কন্টেন্ট তৈরির জগতে এক নতুন দিকের সূচনা করতে চলেছে ওয়ার্ল্ড অডিও ভিজুয়াল এন্ড এন্টারটেইনমেন্ট সামিট WAVES সম্মেলন। আগামী বৃহস্পতিবার পয়লা মে থেকে রবিবার ৪ ঠা মে পর্যন্ত মুম্বাইয়ের জিও কনভেনশন সেন্টারে আয়োজন করা

হবে মূল পর্ব এর । VFX কমিকস, ভার্চুয়াল রিয়েলিটি সহ একাধিক বিষয়ে ফাইনাল হবে।

কলকাতার সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট-এ গতকাল WAFX WAVES VFX চ্যালেঞ্জ ইস্ট জোনাল রাউন্ড অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে জুরি হিসেবে উপস্থিত ছিলেন Wackytoon Studio Pvt LTD এর চিফ এক্সিকিউটিভ অফিসার নিলয় কান্তি বিশ্বাস এবং অ্যানিমেটজোন এর ফাউন্ডার ডিরেক্টর শুভ্র চক্রবর্তী ।

নিলয় কান্তি বিশ্বাস আকাশবাণী কে জানালেন WAVES সম্মেলন বিভিন্ন বিষয়ে কন্টেন্ট তৈরি কে উৎসাহিত করে চলেছে।

(বাইট – নিলয়)

oooooooooooooooooooo

ইডেনে আজ আইপিএল ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স , পাঞ্জাব কিংসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

দু দলই ৮ টি করে ম্যাচ খেলেছে। পাঞ্জাব ১০ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকায় পঞ্চম, কলকাতা ৬ পয়েন্ট সংগ্রহ করে সপ্তম স্থানে আছে। প্লে অফের লড়াইয়ে টিকে থাকতে হলে কেকেআরকে আগামী ম্যাচগুলি জিততেই হবে। দলের সদস্য মঈন আলি সাংবাদিকদের জানিয়েছেন, জয় ছাড়া তারা কিছু ভাবছেন না। দলের ক্রিকেটারদের সেরা পারফরম্যান্স এর মাধ্যমে জয় ছিনিয়ে আনাই তাদের লক্ষ্য।

oooooooooooooooooooo

ভুবনেশ্বর এর কলিঙ্গ স্টেডিয়ামে আজ সুপার কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে মোহনবাগান সুপারজায়ান্ট ,কেরালা ব্লাস্টারস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে বিকেল সাড়ে চারটেয়। চার্চিল ব্রাদার্স টুর্নামেন্ট থেকে নাম প্রত্যাহার করায়, মোহনবাগান সরাসরি

কোয়ার্টার ফাইনালে খেলার ছাড়পত্র পায়। অন্যদিকে, রাউন্ড অফ সিক্সটিন পর্বে কেরালা ব্লাস্টারস, ইস্টবেঙ্গলকে হারিয়ে শেষ আটে পৌঁছেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দীঘায় জগন্নাথ মন্দিরের প্রাণ প্রতিষ্ঠা ও উদ্বোধনের আগে গতকাল কলস যাত্রার আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল এক্স হ্যান্ডেলে এক বার্তায় জানিয়েছেন, অক্ষয়তৃতীয়ায় মন্দির উদ্বোধনের আগে ভক্তদের আন্তরিক অংশগ্রহণে এই কলস যাত্রা সুসম্পন্ন হয়েছে।

উল্লেখ্য, আগামী বুধবার অক্ষয়তৃতীয়ায় উদ্বোধন করা হবে দীঘায় জন্নাথ মন্দিরের।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে দীঘায় জগন্নাথ মন্দির উদ্বোধন উপলক্ষ্যে ভিড় সামাল দিতে রেল দুই জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। রাজ্য সরকারের আবেদন মেনে আজ থেকে চৌঠা মে পর্যন্ত হাওড়া ও পাশকুড়া থেকে দীঘার উদ্দেশ্যে এই ট্রেনগুলি চালানো হবে বলে দক্ষিন পূর্ব রেল জানিয়েছে। হাওড়া থেকে দুপুর একটা দশ মিনিটে ছেড়ে একটি ট্রেন বিকাল ৫টা ৩৫ মিনিটে এবং পাশকুড়া থেকে ভোর পৌনে পাঁচটায় ছেড়ে সকাল সাতটা পঁচিশ মিনিটে দীঘা পৌঁছবে। যাত্রাপথে দুইটি ট্রেনই সব স্টেশনে থামবে। উল্লেখ্য জগন্নাথ মন্দির উদ্বোধন উপলক্ষ্যে আগামী মঙ্গল ও বুধবার দীঘায় রাজ্য সরকারের উদ্যোগে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ইনিজিনিয়ারিং কলেজগুলিতে প্রবেশিকা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নেওয়া হবে আগামীকাল । পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধারথে পশ্চিমবঙ্গ পরিবহন নিগম WBTC , দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা SBSTC , এবং উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা NBSTC ওই দিন বিশেষ বাস পরিষেবা দেবে। সকাল সাড়ে আটটা থেকে সকাল ১১ টা পর্যন্ত

এবং বিকেল সাড়ে তিনটে থেকে সাড়ে পাঁচটা পর্যন্ত অতিরিক্ত বাস চালানোর সিদ্ধান্ত নিয়েছে WBTC।

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা SBSTC ওই দিন বেশি সংখ্যক বাস চালানোর পাশাপাশি পরীক্ষার্থীদের সুবিধার্থে অতিরিক্ত স্টপেজ দেবে।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা NBSTC ও অতিরিক্ত বাস চালাবে বলে সংস্থার এক শীর্ষ আধিকারিক জানিয়েছেন।

এদিকে, পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে পূর্ব রেলের হাওড়া ডিভিশন বিকেল চারটে পর্যন্ত সপ্তাহের অন্যান্য কাজের দিনের মতই লোকাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

উল্লেখ্য, রাজ্যের বিভিন্ন বিশ্ব বিদ্যালয় ও কলেজ ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মাসি, এবং আর্কিটেকচার কোর্সে ভর্তি হওয়ার জন্য West Bengal Joint Entrance Examination Board আগামী কাল প্রবেশিকা পরীক্ষা গ্রহণ করবে।

oooooooooooooooooooooooo

এসপ্ল্যানেড ও শিয়ালদার মধ্যে পরিষেবা চালু করার আগে সিগন্যালিং এর কাজের জন্য মেট্রোরেল হাওড়া ময়দান ও এসপ্ল্যানেড এবং শিয়ালদা সেক্টর ফাইভ এর মধ্যে তিন দিন ট্রেন চলাচল সম্পূর্ণ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। আজ থেকে সোমবার পর্যন্ত এই শাখায় কোন ট্রেন চলবে না বলে মেট্রো রেলের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo